# উচ্চমাধ্যমিক বাংলা সাজেশন ২০২৩

**www.shekhapora.com**

## [গল্প ]

## * কে বাঁচায় কে বাঁচে

১। *"নিখিল ভাবছিল বন্ধুকে বুঝিয়ে বলবে,এভাবে দেশের লোককে বাঁচানো যায় না।"*--কোন প্রসঙ্গে নিখিলের এই ভাবনা ? এর মধ্যে দিয়ে নিখিল চরিত্রের কোন বৈশিষ্ট্য ধরা পড়েছে। (১+৪=৫) (২০১৮,২০১৬)

অথবা

'কে বাঁচায়,কে বাঁচে' গল্প অবলম্বনে নিখিল চরিত্র সম্পর্কে আলোচনা কর। (৫)

অথবা

*" ভুরিভোজনতা অন্যায়, কিন্তু না খেয়ে মরাটা উচিত নয় ভাই।"* – বক্তা কে ? এই বক্তব্যের মধ্যে বক্তার চরিত্রের কোন দিক আভাসিত হয়েছে ? ১+৪ ( ২০১৯)

২। *" এ অপরাধের প্রায়শ্চিত্ত কী ?"* - কে, কোন্ অপরাধের প্রায়শ্চিত্তের কথা বলেছেন ? বক্তা নিজেকে অপরাধী মনে করেছেন কেন ? ১ + ২ + ২=৫ (২০২০)

অথবা

*''দিন দিন কেমন যেন হয়ে যেতে লাগল মৃত্যুঞ্জয়।"*– মৃত্যুঞ্জয় কেমন হয়ে যেতে লাগল? তার এমন হয়ে যাওয়ার কারণ কী ? ৩+২ (২০১৮)

অথবা

'কে বাঁচায়,কে বাঁচে' গল্প অবলম্বনে মৃত্যুঞ্জয় চরিত্র সম্পর্কে আলোচনা কর। (৫)

৩। 'কে বাঁচায় কে বাঁচে' গল্প অবলম্বনে টুনুর মা চরিত্রটির ভূমিকা আলোচনা কর। (৫)

৪। 'কে বাঁচায় কে বাঁচে' --গল্পের নামকরণ কতখানি সার্থক হয়েছে তা আলোচনা কর। (৫)

৫। *"মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয়।"*--মৃত্যুঞ্জয়ের বাড়ির এই শোচনীয় অবস্থার কারণ কী ? শোচনীয় অবস্থাটির বর্ণা দাও। (২+৩=৫)

## *ভাত

১। *"বাদার ভাত খেলে তবে তো সে আসল বাদাটার খোঁজ পেয়ে যাবে একদিন।"*—বাদা' কাকে বলে ? উদ্দিষ্ট ব্যক্তির এই রকম মনে হওয়ার কারণ কী ? (২০১৬) ১+৪

২। 'ভাত' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো । ৫

৩। *"যা আর নেই, যা ঝড়-জল-মাতলার গর্ভে গেছে তাই খুঁজে খুঁজে উচ্ছব পাগল হয়েছিল।"* –দুর্যোগটির বর্ণনা দাও। দুর্যোগটি উচ্ছবকে কীভাবে প্রভাবিত করেছিল ?(২০১৭) ৩+২

অথবা ,

*"সকাল হতেই বোঝা গিয়েছিল সর্বনাশের বহরখানা "* -- কার সর্বনাশ ? 'সর্বনাশের বহর'-এর পরিচয় দাও । ১+৪

অথবা,

মহাশ্বেতা দেবীর 'ভাত ' গল্প অবলম্বনে ঝড়-জল-বন্যার রাতটির বর্ণনা দাও । ৫

৪। *"সে বুঝতে পারে সব ভাত ওরা ফেলে দিতে যাচ্ছে ।"*– ওরা কারা ? ওরা সব ভাত ফেলে দিতে যাচ্ছে কেন ? 'সে' কে ? বুঝতে পেরে সে কী করেছিল ? ১+১+১+২ (২০২০)

৫। *"দাঁতগুলো বের করে সে কামটের মত হিংস্র ভঙ্গি করে ।"* -- কার সম্পর্কে বলা হয়েছে ? তার এই আচরণের কারণ ব্যাখ্যা করো। ১+৪ অথবা

*" তার চোখ এখন বাদার কামটের মত হিংস্র।"*-- কে, কার প্রতি এইরকম আচরণ করেছিল ? তার এইরকম আচরনের কারণ বিশ্লেষণ করো। ২+৩

অথবা

*" উচ্ছব ফিরে দাঁড়ায়। "*--উচ্ছবের ফিরে দাঁড়ানোর কারণ কী ? তারমধ্যে কী প্রতিক্রিয়া দেখা গিয়েছিল এবং কেন ?

# *ভারতবর্ষ

১। 'ভারতবর্ষ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ৫
২। *" শেষ রোদের আলোয় সে দূরের দিকে ক্রমশ আবছা হয়ে গেল।"* -- কার কথা বলা হয়েছে ? সে ক্রমশ আবছা হয়ে গেল কেন ? ১+৪
৩। *" কতক্ষণ সে এই মারমুখী জনতাকে ঠেকিয়ে রাখতে পারত কে জানে ......"* -- 'সে' বলতে কার কথা বলা হয়েছে ? জনতা মারমুখী হয়ে উঠেছিল কেন ? ১+৪
অথবা, *"দেখতে দেখতে উত্তেজনা ছড়াল চারদিকে।"* -- প্রসঙ্গ উল্লেখ করে উত্তেজনাপূর্ণ ঘটনার বিবরণ দাও। ৫
৪। *" আমি কী তা দেখতে পাচ্ছিস নে ? "* -- কোন প্রশ্নের উত্তরে বক্তা এ কথা বলেছিল ? গল্পানুসারে বক্তার স্বরূপ ব্যাখ্যা করো।

অথবা

'ভারতবর্ষ' গল্প অবলম্বনে বৃদ্ধার স্বরূপ ব্যাখ্যা করো।

অথবা

'ভারতবর্ষ' গল্পের অন্তর্নিহিত বক্তব্যটি নিজের ভাষায় লিখ।
৫। ছোটোগল্প হিসেবে 'ভারতবর্ষ' গল্পের সার্থকতা বিচার করো।

# [ কবিতা ]

## রূপনারানের কূলে

১ *'মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে'* –বক্তা কে ? 'মৃত্যুতে সকল দেনা' বলতে কী বোঝানো হয়েছ ? সে 'দেনা'কীভাবে শোধ করতে চেইয়ছিলেন কবি ?(২০১৯) ১+১+৩
২। *"রূপ-নারানের কূলে / জেগে উঠিলাম,"*—কে জেগে উঠলেন ? জেগে ওঠার আসল অর্থ কবিতাটির মধ্যে কীভাবে প্রকাশিত হয়েছে তা বুঝিয়ে দাও। (২০১৭) ১+৪

অথবা

*"রূপ-নারানের কূলে"* কবিতাটির মর্মার্থ নিজের ভাষায় লিখ। ৫

## শিকার

১। *'এসেছে সে ভোরের আলোয় নেমে'* – সেই ভোরের বর্ণনা দাও।'সে' ভোরের আলোয় নেমে আসার পর কী কী ঘটল, লেখো। ৩ + ২ =৫ (২০২০)

অথবা

*"এই ভোরের জন্য অপেক্ষা করছিল!"*—কে অপেক্ষা করছিল ? তার পরিণতি কী হয়েছিল ? ১+৪ (২০১৬)
২। 'শিকার' কবিতায় ভোরের পরিবেশ যেভাবে চিত্রিত হয়েছে, তা নিজের ভাষায় লেখো। সেই পরিবেশ কোন্ ঘটনায় করুণ হয়ে উঠল ? (২০১৮)
৩। 'শিকার' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো। ৫
৪। *" একটি তারা এখনো আকাশে রয়েছে। "* – তারাটিকে কেন্দ্র করে কবি কোন দুটি উপমা ব্যবহার করেছেন লিখ। উপমা দুটির তাৎপর্য ব্যাখ্যা করো।

অথবা

*"পাড়াগাঁর বাসর ঘরে সবচেয়ে গোধূলি মোদির মেয়েটির মতো। "* – উপমাটি ব্যবহারের তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

## মহুয়ার দেশ

১। *'অবসন্ন মানুষের শরীরে দেখি ধুলোর কলঙ্ক'* – এখানে কোন মানুষদের কথা বলা হয়েছে ? তাঁরা অবসন্ন কেন ? 'ধুলোর কলঙ্ক' বলতে কবি কী বুঝিয়েছেন ? ১ + ২ + ২=৫ (২০২০)

অথবা

*" তাদের চোখে হানা দেয় "* – কাদের চোখে , কী হানা দেয় ? এই হানা দেবার কারণ সম্পর্কে কবি কী বলেছেন লিখ। ৫
২। *"আমার ক্লান্তির উপরে ঝরুক মহুয়া-ফুল, / নামুক মহুয়ার গন্ধ।"*—"আমার' বলতে কার কথা বলা হয়েছে ? এমন কামনার কারণ কী ? ১+৪ (২০১৭)

# [ নাটক ]

## বিভাব

১। *"এমনি সময় হঠাৎই এক সাহেবের লেখা পড়লাম।"* – 'এমনি সময়' বলতে কোন পরিস্থিতির কথা বলা হয়েছে ? সাহেবের নাম কী ? তিনি কী লিখেছিলেন ? ২+১+ ২=৫ (২০২০)

অথবা

*"তাদের অভিনয় দেখে আইজেনস্টাইন সাহেব অত্যন্ত উচ্ছ্বসিত হয়ে অনেক কথা লিখেছেন।"*– আইজেনস্টাইন সাহেব কে ? তিনি কাদের অভিনয় দেখে উচ্ছ্বসিত হয়েছিলেন ? সেই অভিনয় দেখে তিনি কী লিখেছিলেন ? ১+১+৩ (২০১৭)

অথবা

*"বুদ্ধিটা কী করে মাথায় এল তা বলি। "*-- বুদ্ধি বলতে কী বোঝানো হয়েছে ? বুদ্ধি কেমন করে এসেছিল ? ১+৪

২। 'বিভাব' কথাটির সাধারণ অর্থ কী? 'বিভাব' নাটকটির নামকরণ কতখানি তাৎপর্যপূর্ণ, আলোচনা করো। ১+৪ (২০১৮)

অথবা

*"আমাদের মনে হয় এর নাম হওয়া উচিত অভাব নাটক।"* – অভাবের চিত্র নাটকে কীভাবে নাটকে প্রকাশ পেয়েছে লিখ। প্রসঙ্গত এর নামকরণের সার্থকতা বিচার করো। ২+৩

৩। *"আর একবার এক মারাঠি তামাশায় দেখেছিলাম"*—বক্তা মারাঠি তামাশায় কী দেখেছিলেন? বক্তা কোন প্রসঙ্গে মারাঠি তামাশার কথা বলেছিলেন ? ৪+১ (২০১৬)

৪। 'বিভাব' নাটকে কয়টি গান আছে ? গানটি কীভাবে গাওয়া হচ্ছিল ? গানটিকে কেন্দ্র করে উপস্থিত করা নাট্যদৃশ্যটি নিজের ভাষায় লিখো। ১+১+৩

## নানারঙের দিন

১। 'নানা রঙের দিন' নাটকের সূচনায় মঞ্চসজ্জার যে বর্ণনা আছে, তা নিজের ভাষায় লেখো। নাটকটির নামকরণ কতখানি সার্থক — তা আলোচনা করো। ২+৩=৫ (২০২০)

২। *"..প্রাক্তন অভিনেতা রজনী চাটুজ্জের প্রতিভার অপমৃত্যুর করুণ সংবাদ!"* – কে বলেছেন ? এই অপমৃত্যু কীভাবে ঘটে বলে বক্তা মনে করেন ? ১+৪ (২০১৯)

৩। 'নানা রঙের দিন' একাঙ্ক নাটক হিসেবে কতখানি সার্থক আলোচনা করো। ৫ (২০১৭)

৪। *"অভিনেতা মানে একটা চাকর—একটা জোকার, একটা ক্লাউন। লোকেরা সারাদিন খেটেখুটে এলে তাদের আনন্দ দেওয়াই হল নাটক-ওয়ালাদের একমাত্র কর্তব্য।"* – বক্তার কথার তাৎপর্য আলোচনা করো। ৫ (২০১৬)

৫। রজনীকান্ত চট্টোপাধ্যায় চরিত্রটি আলোচনা করো ।

**অথবা ,** " আমার জীবনের পঁয়তাল্লিশটা বছর... " – বক্তা কে ? তার 'পঁয়তাল্লিশটা বছর' এর জীবনের পরিচয় দাও। ১+৪

# [ ভারতীয় গল্প ও আন্তর্জাতিক কবিতা ]

## অলৌকিক গল্প

১। *'হঠাৎ শিষ্য মর্দানার জল তেষ্টা পেল।'* – তেষ্টা মেটানোর জন্য মর্দানাকে কী করতে হয়েছিল ? তার তেষ্টা শেষ অবধি কীভাবে মিটেছিল ? ৩ + ২=৫ (২০২০)

২। 'অলৌকিক' গল্পে হাত দিয়ে পাথরের চাই থামানোর ঘটনাটি লেখক প্রথমে বিশ্বাস করেননি কেন ? পরে কীভাবে সেই ঘটনা তার কাছে বিশ্বাসযোগ্য হয়ে উঠল ? ২+৩ (২০১৮)

৩। *“চোখের জলটা তাদের জন্য।”*- বক্তা কাদের জন্য চোখের জল উৎসর্গ করেছেন ? যে ঘটনায় বক্তার চোখে জল এসেছিল সেই ঘটনাটি সংক্ষেপে লেখো। ৫ (২০১৭)

৪। *“ঝড়ের বেগে ছুটে আসা ট্রেন থামানো গেল, পাথরের চাই থামানো যাবে না কেন ? "* —ট্রেন থামানোর দরকার হয়েছিল কেন ? ট্রেন কীভাবে থামানো হয়েছিল ? ৪+১ (২০১৬)

অথবা

"ঠিক হল, ট্রেনটা থামানো হবে। ”—কোন্ ট্রেনের কথা বলা হয়েছে ? সেটি কীভাবে থামানো হয়েছিল ?

৫। অলৌকিক গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ৫

## পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন

১। *‘স্পেনের ফিলিপ কেঁদেছিল খুব। আর কেউ কাদেনি ?’* –উদ্ধৃতাংশটি যে কবিতার অন্তর্গত, সেই কবিতায় আর কোন কোন শাসকের নাম আছে ? ফিলিপ কেঁদেছিলেন কেন ? *‘আর কেউ কাদে নি ?’* – বলতেই বা কী বোঝাতে চেয়েছেন ? ২ + ১ + ২=৫ (২০২০)

২। *“ভারত জয় করেছিল তরুণ আলেকজান্ডার। একলাই না কি ? ”* – আলেকজান্ডার কে ছিলেন ? ‘একলাই না কি' বলতে কবি কী বুঝিয়েছেন ? ১+৪ ৯২০১৯)

৩। *“বইয়ে লেখে রাজার নাম।/ রাজারা কি পাথর ঘাড়ে করে আনত ?”*—কারা, কেন পাথর ঘাড়ে করে এনেছিল। ১+৪ (২০১৭)

৪। *“পাতায়-পাতায় জয় / জয়োৎসবের ভোজ বানাত কারা ?”*—পাতায় পাতায় কাদের জয় লেখা ? ‘জয়োৎসবের ভোজ’ যারা বানাত তাদের প্রতি কবির কী মনোভাব প্রকাশ পেয়েছে ? ২+৩ (২০১৬)

**অথবা,**

“পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন” কবিতায় কী কী প্রশ্ন রাখা হয়েছে ? সেই প্রশ্নগুলির যৌক্তিকতা নিজের ভাষায় লিখ। ২+৩

# পূর্ণাঙ্গ সহায়ক গ্রন্থ

# "আমার বাংলা "

## ছাতির বদলে হাতি

১। *“নতুন ছাতি মাথায় দিয়ে মহাফুর্তিতে বাড়ির দিকে সে চলল।”* – কার কথা ? সে নতুন ছাতি কীভাবে পেল ? ১+৪ (২০১৯)

২। *“তাতে চেংমানের চোখ কপালে উঠল।”*—চেংমান কে ? তার চোখ কপালে ওঠার কারণ কী ? ১+৪(২০১৭)

৩। *“ছিল জোতদার আর তালুকদারদের নিরঙ্কুশ শাসনশ।”*-- শাসন সম্পর্কে লেখক কী জানিয়েছেন তা নিজের ভাষায় লেখা। (২০১৮)

## কলের কলকাতা

১। *“অমনি মনের মধ্যে গুনগুনিয়ে উঠল মার কাছে শেখা গান :”* – মার কাছে শেখা গানটি কী ? কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছেন লেখক ? ১+৪ (২০১৯)

অথবা

*“চেয়ারের ওপর যিনি বসে আছেন , তাঁকে দেখে নিজের চোখকে বিশ্বাস হচ্ছিল না ।”* – চেয়ারের ওপর কে বসেছিলেন ? লেখক তাঁকে কোথায় দেখেছিলেন ? লেখকের এই স্থান দেখার অভিজ্ঞতা সংক্ষেপে লেখো। ১+১+৩

২। *“হঠাৎ একদিন ক্ষেপে উঠল কলের কলকাতা। ” --”কলকাতার ক্ষেপে ওঠা’* বলতে কী বোঝানো হয়েছে ? কলকাতার ক্ষেপে ওঠার ফল কী হয়েছিল ? ২+৩ (২০১৭)

৩। মোনা ঠাকুরের চোখে দেখা কলের কোলকাতার বর্ণনা দাও। ৫

## হাত বাড়াও

১। *“তোমরা হাত বাড়াও তাকে সাহায্য করো।”*—লেখক কাকে কীভাবে, কেন সাহায্য করতে বলেছেন ? ১+১+৩ (২০১৬)

অথবা

*" কিন্তু আজও সেই দুটো জ্বলন্ত চোখ আমাকে থেকে থেকে পাগল করে। "* – কোন ঘটনা প্রসঙ্গে লেখক এ কথা বলেছেন ? এই ঘটনা লেখকের মধ্যে কোন প্রতিক্রিয়া তৈরি করেছে ? ৩+২

২। " *সরু লিকলিকে আঙুল দিয়ে সেইসব খুনীদের সে শনাক্ত করছে ... ।* " সে কাদের শনাক্ত করছে ? কাদের কেন 'খুনী' বলা হয়েছে ? ১+ ৪

# [ ভাষা ]

## ধ্বনিতত্ত্ব

১। উদাহরণ সহ যুক্তধ্বনির পরিচয় দাও। ৫ (২০১৬ , ২০১৯)
২। অবিভাজ্য ধ্বনি কাকে বলে ? দুটি অবিভাজ্য ধ্বনির পরিচয় দাও। ১+২+২ (২০১৮)
৩। উদাহরণসহ গুচ্ছধ্বনির পরিচয় দাও। ৫ (২০১৬)
৪। উদাহরণসহ 'ধ্বনিমূল' ও 'সহধ্বনি'র সম্পর্ক বুঝিয়ে দাও। ৫ (২০২০)

## রূপতত্ত্ব

১। 'রূপমূল' কাকে বলে ? উদাহরণসহ 'স্বাধীন' ও পরাধীন' রূপমূল-এর পরিচয় দাও। ১+ ২ + ২=৫ (২০২০, ২০১৭)
২। প্রত্যয় কাকে বলে ? ব্যবহারিক প্রয়োগের অবস্থান অনুযায়ী প্রত্যয়ের কটি ভাগ অ কী কী ? প্রত্যেক ভাগের একটি করে উদাহরণ দাও । ১+ ২+২
৩। উদাহরণ দিয়ে সংক্ষেপিত পদ ও ক্লিপিংস বুঝিয়ে দাও । ২-১/২+ ২-১/২

## বাক্যতত্ত্ব

১। গঠনগত দিক থেকে বাক্য কয় প্রকার ও কী কী ? যে-কোনো এক প্রকারের উদাহরণসহ পরিচয় দাও। ২+৩ (২০১৬)
২। বাক্যের অধিগঠন ও অধোগঠন বুঝিয়ে দাও। ৫

## শব্দার্থতত্ত্ব

১। শব্দার্থের পরিবর্তন' বলতে কী বোঝো ? উদাহরণসহ 'শব্দার্থের সংকোচ' ও 'শব্দার্থের প্রসার' সম্বন্ধে আলোচনা করো। ১ + ২ + ২=৫ (২০২০)
২। শব্দার্থের উপাদানমূলক তত্ত্বটি উদাহরণসহ ব্যাখ্যা করো। ৫ (২০১৮)
৩। শব্দার্থ পরিবর্তনের ধারা ক'টি ভাগে বিভক্ত ও কী কী ? যে-কোনো একটি ভাগ উদাহরণসহ বুঝিয়ে লেখো। ৫ (২০১৭)

# বাঙালির শিল্প ও সংস্কৃতির ইতিহাস

## বাংলা গানের ধারা

১। বাংলা সংগীত জগতে গায়ক ও সুরকার রূপে হেমন্ত মুখোপাধ্যায় অথবা মান্না দের স্থান নিরূপণ করো। ৫ (২০২০)
২। বাংলা গানের ধারায় রজনীকান্ত সেনের অবদান আলোচনা করো। ৫ (২০১৮)
৩। বাংলা সংগীতের ধারায় কাজী নজরুল ইসলামের অবদান আলোচনা করো। ৫ (২০১৭)
৪। বাংলার দুটি লোকসংগীতের ধারার নাম লেখো। যে-কোনো একটি ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৩ (২০১৬)
৫। বাংলা গানের ধারায় অতুলপ্রসাদ সেনের অবদান আলোচনা করো। ৫
৬। বাংলা গানের ধারায় রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো। ৫

## বাঙালির চিত্রকলা

১। 'পট' বলতে কী বোঝানো হয় ? এই শিল্পধারাটির একটি পরিচয়মূলক বিবৃতি প্রস্তুত করো। ৫ (২০২০, ২০১৭)
২। বাঙালির চিত্রকলা চর্চার ধারায় অবনীন্দ্রনাথ ঠাকুরের অবদান আলোচনা করো। ৫ (২০১৬)
৩। বাঙালির চিত্রকলায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান আলোচনা করো। ৫
৪। বাঙালির চিত্রকলায় যামিনী রায়ের অবদান আলোচনা করো। ৫

৫। বাঙালির চিত্রকলায়  রামকিঙ্কর বেইজের অবদান আলোচনা করো। ৫

## বাংলা চলচ্চিত্রের কথা

১। বাংলা চলচ্চিত্রের ধারায় পরিচালক মৃণাল সেনের অবদান আলোচনা করো। ৫ (২০১৯)
২। বাংলা চলচ্চিত্রের ধারায় পরিচালক সত্যজিৎ রায়ের অবদান আলোচনা করো। ৫
৩। বাংলা চলচ্চিত্রের ধারায় পরিচালক তরুন মজুমদারের অবদান আলোচনা করো। ৫
৪। বাংলা তথ্যচিত্রের ধারায় পরিচালক হীরালাল সেনের অবদান আলোচনা করো। ৫

## বাঙালির বিজ্ঞানচর্চা

১। বাঙালির বিজ্ঞান-সাধনায় সত্যেন্দ্রনাথ বসুর অবদান আলোচনা করো। ৫ (২০২০)
২। বাংলা চিকিৎসাবিজ্ঞানে কাদম্বিনী (বসু) গঙ্গোপাধ্যায়ের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ৫ (২০১৯)
৩। চিকিৎসা বিজ্ঞানের ইতিহাসে বিধানচন্দ্র রায়ের অবদান আলোচনা করো। ৫ (২০১৭)
৪। বাঙালির বিজ্ঞানচর্চার ইতিহাসে আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের অবদান আলোচনা করো। ১+৪ (২০১৬)
৫। বাঙালির  বিজ্ঞানচর্চার ইতিহাসে জগদীশচন্দ্র বসুর অবদান আলোচনা করো। ৫

## বাঙালির ক্রীড়া সংস্কৃতি

১। বাঙালির কুস্তিচর্চার ইতিহাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫ (২০২০)
অথবা, আমাদের মহাকাব্যে 'কুস্তি' কী নামে পরিচিত ছিল ? সংক্ষেপে বাঙালির কুস্তি চর্চার পরিচয় দাও। (২০১৮)
২। আন্তর্জাতিক স্তরে সুনাম অর্জন করেছেন, এমন একজন বাঙালি ক্রীড়াবিদের কৃতিত্বের পরিচয় দাও। ৫ (২০১৯)
৩। কলকাতায় বাঙালির প্রচেষ্টায় গড়ে ওঠা প্রথম স্বদেশি সার্কাসের নাম লেখো। সার্কাসে বাঙালির অবদানের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৪ (২০১৬)
৪। পুরাণ মত অনুযায়ী দাবা খেলার স্রষ্টা কে ? দাবা খেলায় বাঙালির কৃতিত্বের পরিচয় দাও। ৫
৫। বাঙালির ক্রীড়া ঐতিহ্যে ফুটবলের সূত্রপাত কীভাবে হয়েছিল ? এই পর্যায়ের ফুটবলের সঙ্গে কোন বিখ্যাত ব্যক্তির নাম জড়িয়ে আছে ? বাংলা  ফুটবলের কোন ঘটনা কীভাবে জাতীয়তাবাদী আন্দোলনকে উজ্জীবিত করিছিল ?
৬। ব্রতচারীর প্রতিষ্ঠাতা কে ? বাংলায় ব্রতচারীর ভূমিকা আলোচনা করো । ৫

**For More Please Visit :- www.shekhapora.com**